**রেজিস্ট্রারের কার্যালয়**
**ইসলামী বিশ্ববিদ্যালয়**
**কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ**
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/ইবি-২০২৫/১২২৪
Ref. No.

তারিখ : ২৯.০৭.২০২৫
Date:

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান, ইঞ্জিনিয়ারিং/ফার্ম) শ্রেণীতে প্রাথমিক ভর্তি নিশ্চয়নকারী শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি:

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান, ইঞ্জিনিয়ারিং/ফার্ম) শ্রেণীতে ভর্তির জন্য GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী তাদের পছন্দক্রম ও মেধাক্রম অনুসারে বিষয় প্রাপ্ত হয়ে A, B এবং C ইউনিটের প্রাথমিক ভর্তি নিশ্চয়ন করেছে সে সকল শিক্ষার্থীদের আগামী ০৩-০৮ -২০২৫ তারিখ হতে ০৭-০৮-২০২৫ তারিখ (০৫/০৮/২০২৫ মঙ্গলবার সরকারি ছুটি ব্যতীত) অফিস চলাকালীন সকাল ৯:০০ টা হতে বিকাল ৪ :০০ টার মধ্যে নিম্নোক্ত তফসিল অনুযায়ী চুড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**<u>তফসিল :</u>**

১। **<u>ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :</u>**
GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম মেধা তালিকা হতে বিভাগপ্রাপ্ত হয়ে প্রাথমিক ভর্তি নিশ্চয়ন করেছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীর আগামী ০৩-০৮-২০২৫ হতে ০৭-০৮-২০২৫ তারিখ অফিস চলাকালীন সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে শিক্ষার্থীগণকে সশরীরে প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রাপ্ত বিভাগ হতে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করত : ভর্তি ও আনুষাঙ্গিক ফি জমাদান রশিদ বই সংগ্রহ করে অগ্রণী ব্যাংক পি,এল,সি ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি ফরমে বিভাগীয় সভাপতি, ডিন ও হল প্রভোষ্টের স্বাক্ষরসহ একাডেমিক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দিয়ে চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
২। শিক্ষার্থীগণ যে বিভাগে চূড়ান্তভাবে ভর্তি হবে, বিভাগ উন্নয়ন ফি শুধুমাত্র সেই বিভাগে প্রদান করতে হবে। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীদের পূর্ববর্তী বিভাগে ভর্তির সময় সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আদায়কৃত বিভাগ উন্নয়ন ফি ৩,০০০/= (তিন হাজার) টাকা হতে ১০% অর্থ (৩০০/=তিনশত) টাকা কর্তন করে বিভাগ অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নগদ প্রদান করবে।

৩। **<u>GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিক ভর্তি ফি' ৫,০০০/= টাকা জমাকৃত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য :</u>**

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে প্রাথমিক ভর্তি নিশ্চয়নের জন্য যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে ৫,০০০/= টাকা এবং এসএসসি ও এইচএসএসির মূল নম্বরপত্র জমা দিয়েছে শুধুমাত্র সেই সকল শিক্ষার্থীদের ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য জমাকৃত ৫০০০/= টাকা বাদে অবশিষ্ট ভর্তি ও আনুষাঙ্গিক ফি A ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগসমূহের জন্য ১,৫৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা পরিবহন ফি ৯৬০/= টাকাসহ সর্বমোট ২,৮৫০/= টাকা। B ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগসমূহের জন্য ৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা পরিবহন ফি ৯৬০/= টাকাসহ সর্বমোট ১,৩৫০/= টাকা। C ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগসমূহের জন্য ৫১০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকোভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ৯৬০/= টাকাসহ সর্বমোট ১,৮৩০/= টাকা, ডীন অফিস ফি' ২৫০/= টাকা, সকল বিভাগের জন্য 'বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/= টাকা ও অনাবাসিক শিক্ষার্থীদের হল সংযুক্তি ও আনুষাঙ্গিক ফি'বাবদ ৯১৫/=(নয়শত পনের) টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক পিএলসি ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪। **<u>বিশেষ কোটায় ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :</u>**
(ক) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সম্বলিত সনদপত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্র মূলও ফটোকপিসহ গেজেটেড অফিসার/স্থানীয় সরকার প্রধানের নিকট থেকে শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রত্যয়নপত্র, সম্পর্কিত ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্র এবং প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষা পাসের মার্কসীটের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

M. Haque
29.07.25

CamScanner

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২১/শিক্ষা/ইবি-২০২৫/৫২৪
Ref. No.

তারিখ : ২৭.০৭.২০২৫
Date:

উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে স্বীকৃত গোত্র প্রধান (যেমন চাকমা রাজা, মংরাজা) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসী ফোরাম কর্তৃক গোত্রের সমর্থনে প্রদত্ত সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতারশিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(খ) হরিজন-দলিত জনগোষ্ঠী (অন্ত্যজ) সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে তাদের সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) খেলোয়াড় কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বাংলাদেশ জাতীয় দলের অথবা যে কোন বয়সভিত্তিক জাতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করেছে এমন প্রমানপত্র অথবা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস করেছে এমন সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি ও মূল কপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, খেলোয়াড় কোটায় ভর্তি হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের হয়ে আন্তঃবিশ্ববিদ্যালয় ও জাতীয় প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের পক্ষে অংশগ্রহণ করতে বাধ্য থাকবে।

(চ) শুধুমাত্র ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা পোষ্য হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক পোষ্য সম্পর্কের প্রত্যয়নপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার নম্বরপত্র/ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

৫। শর্ত পূরণের অভাবে নির্ধারিত কোটায় প্রয়োজনীয় সংখ্যক প্রার্থী পাওয়া না গেলে বা আসন খালি থাকলে তা অন্য কোন পূরণ করার সুযোগ থাকবে না।

৬। কোটার সুবিধা নিয়ে ভর্তি হওয়া শিক্ষার্থীগণ কোনক্রমেই বিভাগ পরিবর্তনের সুযোগ পাবে না।

৭। আগামী ১১-০৮-২০২৫ তারিখ হতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক শ্রেণীর ক্লাস শুরু হবে।

এছাড়াও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে (ক) পাসপোর্ট আকারের সত্যায়িত ২(দুই) কপি ছবি। (খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পাসের একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশাংসাপত্রের সত্যায়িত ফটোকপি। (গ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি (ঘ) পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (ঙ) অভিভাবকের আয়ের সনদ। (চ) GST তে ৫,০০০/= টাকা জমাকৃত সংশ্লিষ্ট ইউনিট সমন্বয়কারীর স্বাক্ষরিত একনলেজমেন্ট স্লিপের ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রত্যেকের ভর্তি ফরমের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

উল্লেখ্য, সংশ্লিষ্ট ইউনিট সমন্বয়কারীর স্বাক্ষরিত একনলেজমেন্ট স্লিপের ফটোকপি ব্যতিত ভর্তি ফরম গ্রহণ করা হবে না। এছাড়াও শিক্ষার্থীদের দাখিলকৃত একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট, প্রশংসা পত্র ও সনদ পত্র (যে কোন ধরণের সনদ পত্র) ইত্যাদি অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করা হবে।

M. Haque
29.07.25
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামীবিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

CamScanner